গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

রেলপথ মন্ত্রণালয়

বাজেট ও পরিবীক্ষণ অনুবিভাগ

বাজেট-২ শাখা

রেলপথ মন্ত্রণালয়ের "Ministry Budget Framework (MBF)" এর প্রথম অংশ (১-৫) পর্যালোচনার নিমিত্ত গত ০৬.২.২০২২ তারিখে Zoom Platform এ আয়োজিত ভার্চুয়াল সভার কার্যবিবরণী।

| | |
|---|---|
| সভাপতি | মোঃ সিরাজুল ইসলাম<br>অতিরিক্ত সচিব (বাজেট ও মনিটরিং)রেলপথ মন্ত্রণালয়। |
| সভার তারিখ | ০৬ ফেব্রুয়ারি, ২০২২ |
| সভার সময় | সকাল ৯.৩০ ঘটিকা |
| স্থান | জুম প্লাটফর্ম |
| উপস্থিতি | সভায় "Ministry Budget Framework (MBF)" পর্যলোচনার সাথে সংশ্লিষ্ট রেলপথ মন্ত্রণালয় ও বাংলাদেশ রেলওয়ের কর্মকর্তাগণ Zoom Platform এ উপস্থিত ছিলেন। |

২.০ আলোচনা:

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি জানান যে, গত ০৩.০২.২২ তারিখে অনুষ্ঠিত বাজেট ওয়ার্কিং গ্রুপ ২য় সভায় গৃহীত সিদ্ধান্তের প্রেক্ষিতে রেলপথ মন্ত্রণালয়ের "Ministry Budget Framework (MBF)" পর্যালোচনা, হালনাগাদ, সময়োপযোগী ও প্রমিতকরণ এ সভার মূল উদ্দেশ্য। অর্থবিভাগ কর্তৃক গত ২২.০১.২২ তারিখে রেলপথ মন্ত্রণালয় ও বাংলাদেশ রেলওয়ের কর্মকর্তাগণের সমন্বয়ে Ministry Budget Framework (MBF) বিষয়ে আয়োজিত এক প্রশিক্ষণ কর্মশালা বিশেষ সহায়ক ভূমিকা পালন করবে বলে আশাবাদ ব্যক্ত করেন। অতঃপর তিনি বিষয় ভিত্তিক আলোচনায় অংশগ্রহণের জন্য আহবান জানান।

২.২ সভায় রেলপথ মন্ত্রণালয়ের "Ministry Budget Framework (MBF)" এর প্রথম অংশ (১-৫) নিয়ে বিশদ আলোচনা হয়। MBF হালনাগাদ ও প্রমিতকরণের ক্ষেত্রে বাংলাদেশ সরকারের প্রেক্ষিত পরিকল্পনা (২০২১-২০৪১), অষ্টম পঞ্চবার্ষিকী পরিকল্পনা, টেকসই উন্নয়ন অভীষ্ট (SDG), রেলওয়ে মাস্টার প্লান এবং রেলওয়ে সম্পর্কিত মধ্যমেয়াদী কৌশলগুলো বিবেচনা করা হয়। সভায় বিস্তারিত আলোচনা শেষে রেলপথ মন্ত্রণালয়ের বর্তমান "Ministry Budget Framework (MBF)" এর প্রথম অংশ (১-৫) হালনাগাদপূর্বক নিম্নরূপে একটি খসড়া MBF প্রস্তুত করা হয়ঃ

**মঞ্জুরি নং- ৪৮**

**১৫১-রেলপথ মন্ত্রণালয়**

**মধ্যমেয়াদি ব্যয়**

(হাজার টাকায়)

| বিবরণ | বাজেট | প্রক্ষেপণ | |
|---|---|---|---|
| | ২০২১-২২ | ২০২২-২৩ | ২০২৩-২৪ |
| | | | |

১.০ মিশন স্টেটমেন্ট ও প্রধান কার্যাবলি

## ১.১ মিশন স্টেটমেন্ট

একটি আধুনিক, টেকসই ও পরিবেশবান্ধব রেল নেটওয়ার্ক গড়ে তোলার মাধ্যমে সকলের জন্য আরামদায়ক, সাশ্রয়ী ও নিরাপদ রেলসেবা নিশ্চিত করা।

## ১.২ প্রধান কার্যাবলি

১.২.১ বাংলাদেশ রেলওয়ে সংক্রান্ত নীতি প্রণয়ন /কৌশল নির্ধারণ করা

১.২.২ বাংলাদেশ রেলওয়ের উন্নয়ন ও রক্ষণাবেক্ষণ কর

১.২.৩ রেলওয়ে পরিবহন পরিবীক্ষণ, পর্যবেক্ষণ ও সমন্বয় করা

১.২.৪ রেলওয়ে পরিবহনে সহযোগিতার উন্নয়ন এবং ব্যবস্থাপনা

১.২.৫ আন্তর্জাতিক, আঞ্চলিক ও উপ-আঞ্চলিক রেল যোগাযোগ ব্যবস্থার প্রবর্তন ও সম্প্রসারণ

১.২.৬ নিরাপত্তাসূচক নির্ধারণ ও প্রয়োগ

১.২.৭ বাংলাদেশ রেলওয়ের উন্নয়ন ও বিনিয়োগ কর্মসূচি এবং রাজস্ব বাজেট সংক্রান্ত বিষয়।

## ২.০ মধ্যমেয়াদি কৌশলগত উদ্দেশ্য ও কার্যক্রমসমূহ

| মধ্যমেয়াদি কৌশলগত উদ্দেশ্য | কার্যক্রমসমূহ | বাস্তবায়নকারী অধিদপ্তর/সংস্থা |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| ১. বাংলাদেশের প্রতিটি জেলায় রেলসেবা পৌঁছানো ও আন্তঃআঞ্চলিক যোগাযোগ সম্প্রসারণের উদ্দেশ্যে আধুনিক রেল নেটওয়ার্ক গড়ে তোলা | • নতুন রেললাইন নির্মাণ এবং ডাবল লাইন নির্মাণ<br>• ক্রমান্বয়ে রেলওয়ে ট্রাককে ব্রডগেজ/ডুয়েল গেজে রূপান্তর<br>• নতুন, আধুনিক ও টেকসই ভৌত অবকাঠামো নির্মাণ<br>• বিদ্যমান রেললাইন, রেলসেতু ও রেলওয়ে অবকাঠামোর রক্ষণাবেক্ষণ, সংস্কার ও সম্প্রসারণ | বাংলাদেশ রেলওয়ে |
| | • আন্তঃআঞ্চলিক ও ট্রান্স এশিয়ান রেললাইনে যুক্ত হওয়ার জন্য রেল নেটওয়ার্কের পুনঃনির্মাণ, আধুনিকায়ন ও সম্প্রসারণ<br>• প্রতিবেশী দেশের সাথে ট্রেন যোগাযোগ চালুকরণ ও সম্প্রসারণ | রেলপথ মন্ত্রণালয়, বাংলাদেশ রেলওয়ে |

| | | |
|---|---|---|
| ২. আরামদায়ক, সাশ্রয়ী, সময়ানুগ রেলসেবা নিশ্চিতকরণ | • নতুন নতুন ট্রেন সেবা চালুকরণ<br>• আরামদায়ক ভ্রমণ নিশ্চিতকল্পে নতুন, আধুনিক, পরিবেশবান্ধব রেল ইঞ্জিন ও ক্যারেজ সংগ্রহ<br>• সিগনালিং ও টেলিকম্যুনিকেশন সিস্টেম, ট্রেন ব্যবস্থাপনা সিস্টেম আধুনিকায়ন ও সম্প্রসারণ<br>• বিদ্যমান রোলিং স্টক ও সিগনালিং ব্যবস্থার রক্ষণাবেক্ষণ ও মানোন্নয়ন<br>• মেগাসিটিগুলোতে যানজট নিরসনে কমিউটার ট্রেন চালুকরণ<br>• অনলাইন ও ইলেক্ট্রনিক সিস্টেম সম্প্রসারণের মাধ্যমে রেলসেবা সুলভ ও সহজীকরণ | বাংলাদেশ রেলওয়ে |
| ৩.নিরাপদ রেলসেবা নিশ্চিতকরণ | আন্তর্জাতিকভাবে স্বীকৃত নিরাপত্তা স্ট্যান্ডার্ড অনুসরণপূর্বক রেলওয়ে অপারেশন ও রক্ষণাবেক্ষণ শক্তিশালীকরণ<br>নিরাপদ ট্রেন পরিচালনার উদ্দেশ্যে রোলিং স্টক রক্ষণাবেক্ষণের জন্য আধুনিক কারখানা নির্মাণ ও বিদ্যমান কারখানার মানোন্নয়ন<br>যান্ত্রিক রেলওয়ে ট্রাক রক্ষণাবেক্ষণ পদ্ধতি চালুকরণ<br>অটোমেটিক ট্রেন সুপারভিশন (ATS), অটোমেটিক ট্রেন প্রটেকশন (ATP), সেন্ট্রালাইজড ট্রাফিক কন্ট্রোল (CTC) সিস্টেম চালুকরণ<br>লেভেল ক্রসিং গেইট নির্মাণ ও এর আধুনিকায়ন | বাংলাদেশ রেলওয়ে |
| মধ্যমেয়াদি কৌশলগত উদ্দেশ্য | কার্যক্রমসমূহ | বাস্তবায়নকারী অধিদপ্তর/সংস্থা |
| ১ | ২ | ৩ |
| ৩.নিরাপদ রেলসেবা নিশ্চিতকরণ | কর্মচারীদের প্রশিক্ষণ প্রদানের সক্ষমতা বৃদ্ধি | |
| | ট্রেন পরিচালনায় নিরাপত্তা সংশ্লিষ্ট যাবতীয় স্থাপনা, রোলিংস্টক এবং অন্যান্য বিষয়াদি নিয়মিত পরিদর্শন<br>নতুন রেললাইন, সিগন্যালিং সিস্টেম, রোলিং স্টক, লেভেল ক্রসিং গেইট ইত্যাদি চালুর পূর্বে নিরাপত্তা সংক্রান্ত বিষয়াদি পরীক্ষান্তে অনুমোদন<br>• রেলপথে সংঘটিত দুর্ঘটনা তদন্তকরণ ও দুর্ঘটনা প্রতিরোধে সুপারিশ প্রদান | রেলপথ পরিদর্শন অধিদপ্তর |

| | | |
|---|---|---|
| | রেলসেবা সংক্রান্ত নীতি প্রণয়ন ও বাস্তবায়ন কার্যাবলি পরিবীক্ষণ<br>আন্তর্জাতিক, আঞ্চলিক ও উপ-আঞ্চলিক রেলযোগাযোগের প্রটোকল নির্ধারণ ও বাস্তবায়ন বিষয়ক কার্যাবলি পরিবীক্ষণ<br>• কর্মকর্তা ও কর্মচারিদের উন্নত প্রশিক্ষণ প্রদান | রেলপথ মন্ত্রণালয় |
| ৪. সাশ্রয়ী, দ্রুততম ও নির্ভরযোগ্য মাধ্যম হিসেবে মালামাল পরিবহন | বন্দরভিত্তিকসহ সকল মালবাহী ট্রেনের টার্নরাউন্ড, লোডিং- আনলোডিং এর সক্ষমতা বৃদ্ধি<br>নতুন অভ্যন্তরীণ কন্টেইনার ডিপো (আইসিডি) নির্মাণ<br>সকল বন্দর ও গভীর সমুদ্রবন্দের সাথে রেললিংক স্থাপন<br>মালামাল পরিবহনের উদ্দেশ্যে আধুনিক ওয়াগন সংগ্রহ | বাংলাদেশ রেলওয়ে |

## ৩.০ দারিদ্র্য নিরসন, নারী উন্নয়ন ও জলবায়ু সংক্রান্ত তথ্য

### ৩.১ দারিদ্র্য নিরসন ও নারী উন্নয়ন ও জলবায়ুর উপর মধ্যমেয়াদি কৌশলগত উদ্দেশ্যসমূহের প্রভাব

#### ৩.১.১ বাংলাদেশের প্রতিটি জেলায় রেলসেবা পৌঁছে দেয়া ও আন্তঃআঞ্চলিক যোগাযোগ সম্প্রসারণের উদ্দেশ্যে আধুনিক রেল নেটওয়ার্ক গড়ে তোলা

**(ক) দারিদ্র্য নিরসনের উপর প্রভাব:** উল্লিখিত মধ্যেমেয়াদি কৌশলগত উদ্দেশ্যের আওতায় গৃহীত কার্যক্রমসমূহ বাস্তবায়িত হলে দরিদ্র জনগোষ্ঠীর জন্য কম খরচে পরিবহন সুবিধা নিশ্চিত হবে। রেল যোগাযোগকে কেন্দ্র করে বিভিন্ন ধরনের কর্মসংস্থানের সৃষ্টি হবে, সরকারি সেবা প্রাপ্তি সহজ হবে এবং কর্মসংস্থান সৃষ্টির মাধ্যমে দরিদ্রদের ক্ষমতায়ন বৃদ্ধি পাবে, যা দারিদ্র্য নিরসনে গুরুত্বপূর্ণ সহায়ক ভূমিকা রাখবে।

**(খ) নারী উন্নয়নের উপর প্রভাব:** রেলপথ মন্ত্রণালয়ের মধ্যমেয়াদি কৌশলগত প্রথমোক্ত উদ্দেশ্য অর্জনের লক্ষ্যে গৃহীত কার্যক্রমসমূহ বাস্তবায়নের ফলে নারীরা সহজে ও নিরাপদে ট্রেন ব্যবহার করে চলাচল করতে পারবেন যা নারীদের সরকারি সেবা, শিক্ষা ও প্রশিক্ষণ প্রাপ্তি, অবাধ যাতায়াতে সহায়তা করবে। নারীদের অর্থনৈতিক কর্মকাণ্ডে অংশগ্রহণ বৃদ্ধি পাবে যা নারী উন্নয়নে প্রত্যক্ষ ও পরোক্ষভাবে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

**(গ) জলবায়ু অভিযোজন ও প্রশমনের উপর প্রভাব:** রেলপথ মন্ত্রণালয়ের মধ্যমেয়াদি কৌশলগত প্রথমোক্ত উদ্দেশ্য অর্জনের লক্ষ্যে গৃহীত কার্যক্রমসমূহ বাস্তবায়নের ফলে জলবায়ু অভিযোজন ও প্রশমনে পরোক্ষভাবে সহায়ক হবে। পরিবেশবান্ধব, টেকসই রেলওয়ে অবকাঠামো নির্মাণ, রেললাইনের পার্শ্বে সামাজিক বনায়ন, ইটিপির মাধ্যমে পানির পুনঃব্যবহার, রেললাইন নির্মাণে বন্য প্রাণিদের সুরক্ষা ইত্যাদি কার্যক্রম

জলবায়ুর বিরূপ প্রতিক্রিয়া প্রশমনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে।

### ৩.১.২ আরামদায়ক, সাশ্রয়ী ও সময়ানুগ রেলভ্রমণ নিশ্চিত করা

**(ক) দারিদ্র্য নিরসনের উপর প্রভাব:** উল্লিখিত মধ্যেমেয়াদি কৌশলগত উদ্দেশ্যর আওতায় গৃহীত কার্যক্রমসমূহ বাস্তবায়িত হলে দরিদ্র জনগণের স্বল্প সময়ে, দ্রুত, সাশ্রয়ী উপায়ে রেলভ্রমণ নিশ্চিত হবে। ফলে বিপুল জনগোষ্ঠীর দৈনন্দিন অর্থনৈতিক কর্মকাণ্ডে অংশগ্রহণ নিশ্চিত হবে। দরিদ্র জনগণ সহজে ও সুলভে রেলে নিজেদের উৎপাদিত কৃষি, কুটিরশিল্পজাত পরিবহন করতে পারবে যা দারিদ্র্য নিরসনে ব্যাপক ভূমিকা রাখবে।

**(খ) নারী উন্নয়নের উপর প্রভাব:** রেলপথ মন্ত্রণালয়ের মধ্যমেয়াদি কৌশলগত দ্বিতীয় উদ্দেশ্য অর্জনের লক্ষ্যে গৃহীত কার্যক্রমসমূহ বাস্তবায়নের ফলে নারীদের সহজ, দ্রুত ও সাশ্রয়ী ট্রেন ভ্রমণ নিশ্চিত হবে। যাতায়াত ও পণ্য পরিবহন সহজ, সুলভ ও নিরাপদ হওয়ায় উদ্যোক্তা ও শ্রমিক- উভয়ক্ষেত্রেই নারীর অংশগ্রহণ বৃদ্ধি পাবে যা নারীর আর্থ-সামাজিক উন্নয়ন ও ক্ষমতায়নে প্রত্যক্ষ ভূমিকা রাখবে

**(গ) জলবায়ু অভিযোজন ও প্রশমনের উপর প্রভাব:** রেলপথ মন্ত্রণালয়ের মধ্যমেয়াদি কৌশলগত দ্বিতীয় উদ্দেশ্য অর্জনের লক্ষ্যে গৃহীত কার্যক্রমসমূহ বাস্তবায়নের ফলে জলবায়ু অভিযোজন ও প্রশমনে ইতিবাচক প্রভাবের সৃষ্টি হবে। নবায়নযোগ্য সৌর শক্তির ব্যবহার, ইলেকট্রিক ট্রাকশন চালুকরণ, ট্রেনে পরিবেশবান্ধব বায়ো টয়লেট স্থাপন, নিয়ন্ত্রিত ও কম কার্বন নিঃসরণযোগ্য ইঞ্জিনের ব্যবহার জলবায়ুর বিরূপ প্রতিক্রিয়া প্রশমনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে।

### ৩.১.৩ নিরাপদ রেলসেবা নিশ্চিতকরণ

**(ক) দারিদ্র্য নিরসনের উপর প্রভাব:** উল্লিখিত মধ্যেমেয়াদি কৌশলগত উদ্দেশ্যর আওতায় গৃহীত কার্যক্রমসমূহ বাস্তবায়িত হলে নতুন কারখানা, লেভেল ক্রসিং গেইট, যান্ত্রিক ট্রাক রক্ষণাবেক্ষণ ইত্যাদি ক্ষেত্রে নতুন কর্মসংস্থানের সৃষ্টি হবে যা পরোক্ষভাবে দারিদ্র্য নিরসনে গুরুত্বপূর্ণ সহায়ক ভূমিকা রাখবে।

**(খ) নারী উন্নয়নের উপর প্রভাব:**

রেলপথ মন্ত্রণালয়ের মধ্যমেয়াদি কৌশলগত তৃতীয় উদ্দেশ্য অর্জনের লক্ষ্যে গৃহীত কার্যক্রমসমূহ বাস্তবায়নের ফলে সৃষ্ট নতুন নতুন কর্মসংস্থানে নারীদেরও অংশগ্রহণ বৃদ্ধি পাবে যা নারীর আর্থ-সামাজিক উন্নয়ন ও ক্ষমতায়নে প্রত্যক্ষ ভূমিকা রাখবে।

**(গ) জলবায়ু অভিযোজন ও প্রশমনের উপর প্রভাব:** রেলপথ মন্ত্রণালয়ের মধ্যমেয়াদি কৌশলগত তৃতীয় উদ্দেশ্য অর্জনের লক্ষ্যে গৃহীত কার্যক্রমসমূহ বাস্তবায়নের ফলে বিভিন্ন পরিবেশবান্ধব, টেকসই ভৌত অবকাঠামো যেমনঃ কারখানা, লেভেল ক্রসিং গেইট ইত্যাদি নির্মিত হবে। জলবায়ু অভিযোজনের উপর প্রশিক্ষিত মানবসম্পদ গড়ে তোলা হবে যা জলবায়ু অভিযোজন ও প্রশমনে ইতিবাচক ভূমিকা রাখবে।

### ৩.১.৪ সাশ্রয়ী, দ্রুততম ও নির্ভরযোগ্য মাধ্যম হিসেবে মালামাল পরিবহন করা

**(ক) দারিদ্র্য নিরসনের উপর প্রভাব:** উল্লিখিত মধ্যেমেয়াদি কৌশলগত উদ্দেশ্যের আওতায় গৃহীত কার্যক্রমসমূহ বাস্তবায়িত হলে সমগ্র বাংলাদেশ জুড়ে প্রান্তিক জনগোষ্ঠী তাদের উৎপাদিত কৃষি পণ্য, ক্ষুদ্র ও কুটির শিল্পের মাধ্যমে উৎপাদিত পণ্য ইত্যাদি স্বল্প মূল্যে, দ্রুত পরিবহনে সক্ষম হবে। মালামাল পরিবহনকেন্দ্রিক নতুন কর্মসংস্থানের সৃষ্টি হবে যা দারিদ্র্য নিরসনে গুরুত্বপূর্ণ সহায়ক ভূমিকা রাখবে।

**(খ) নারী উন্নয়নের উপর প্রভাব:** রেলপথ মন্ত্রণালয়ের মধ্যমেয়াদি কৌশলগত চতুর্থ উদ্দেশ্য অর্জনের

লক্ষ্যে গৃহীত কার্যক্রমসমূহ বাস্তবায়নের ফলে শ্রমবাজার ও আয়বর্ধক কর্মকান্ডে নারীদের অংশগ্রহণ বৃদ্ধি পাবে যা নারীর আর্থ-সামাজিক উন্নয়ন ও ক্ষমতায়নে প্রত্যক্ষ ভূমিকা রাখবে।

**(গ) জলবায়ু অভিযোজন ও প্রশমনের উপর প্রভাব:** রেলপথ মন্ত্রণালয়ের মধ্যমেয়াদি কৌশলগত চতুর্থ উদ্দেশ্য অর্জনের লক্ষ্যে গৃহীত কার্যক্রমসমূহ বাস্তবায়নের ফলে উন্নত প্রযুক্তি নির্ভর লোকোমোটিভ, ওয়াগন ইত্যাদি সংগ্রহ করা হবে যা সড়ক ও আকাশ পথের তুলনায় অনেক কম কার্বন নিঃসারণ করবে। আইসিডিসহ অন্যান্য ভৌত অবকাঠামো পরিবেশবান্ধব, টেকসইরূপে নির্মাণ করা হবে যা জলবায়ু অভিযোজন ও প্রশমনে ইতিবাচক ভূমিকা রাখবে।

## ৩.২ দারিদ্র্য নিরসন ও নারী উন্নয়ন সম্পর্কিত বরাদ্দ

(হাজার টাকায়)

| বিবরণ | বাজেট | প্রক্ষেপণ | |
|---|---|---|---|
| | ২০২১-২২ | ২০২২-২৩ | ২০২৩-২৪ |
| দারিদ্র্য নিরসন | | | |
| নারী উন্নয়ন | | | |

## ৪.১ অগ্রাধিকার ব্যয় খাত/কর্মসূচিসমূহ (Priority Spending Areas/Program)

| অগ্রাধিকার ব্যয় খাত/কর্মসূচিসমূহ | সংশ্লিষ্ট মধ্যমেয়াদি কৌশলগত উদ্দেশ্য |
|---|---|
| আরামদায়ক, সাশ্রয়ী ও সময়ানুগ রেলভ্রমণ নিশ্চিত করার লক্ষ্যে বিশেষ করে নির্ধারিত সময়সূচি ও পরিকল্পনা অনুযায়ী যাত্রী ও মালামাল পরিবহন নিরবচ্ছিন্ন রাখতে নতুন, আধুনিক রোলিংস্টক সংগ্রহ ও সিগনালিং ব্যবস্থা চালুকরণ, বিদ্যমান রোলিংস্টক ও সিগনালিং ব্যবস্থার মেরামত ও রক্ষণাবেক্ষণ সংক্রান্ত কার্যক্রমসমূহকে সর্বোচ্চ অগ্রাধিকার দেয়া হয়েছে। | যাত্রী সাধারনের জন্য আরামদায়ক, সাশ্রয়ী ও সময়ানুগ রেলভ্রমণ নিশ্চিত করা |
| বাংলাদেশের প্রতিটি জেলায় রেলসেবা পৌঁছে দেওয়া ও আন্তঃআঞ্চলিক যোগাযোগ সম্প্রসারণের উদ্দেশ্যে নতুন রেললাইন নির্মাণ, ডাবল লাইন নির্মাণ, বিদ্যমান রেল লাইনকে ব্রডগেজ, ডুয়েল গেজে রূপান্তর, বিদ্যমান রেললাইন ও ভৌত অবকাঠামোর রক্ষণাবেক্ষণ সংক্রান্ত কার্যক্রমসমূহকে দ্বিতীয় অগ্রাধিকার প্রদান করা হয়েছে | বাংলাদেশের প্রতিটি জেলায় রেলসেবা পৌঁছানো ও আন্তঃআঞ্চলিক যোগাযোগ সম্প্রসারণের উদ্দেশ্যে আধুনিক রেল নেটওয়ার্ক গড়ে তোলা |

## ৪.২ মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন ও প্রক্ষেপণ (২০২১-২২ হতে ২০২৩-২৪)

### ৪.২.১ দপ্তর/সংস্থা/প্রাতিষ্ঠানিক ইউনিটওয়ারী ব্যয়

(হাজার টাকায়)

| বিবরণ | বাজেট | সংশোধিত বাজেট | বাজেট | প্রক্ষেপণ | |
|---|---|---|---|---|---|
| | ২০২০-২১ | | ২০২১-২২ | ২০২২-২৩ | ২০২৩-২৪ |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | | | | | |

### ৪.২.২ অর্থনৈতিক গ্রুপ কোড অনুযায়ী ব্যয়

(হাজার টাকায়)

| অর্থনৈতিক গ্রুপ কোড | বিবরণ | বাজেট | সংশোধিত বাজেট | বাজেট ২০২১-২২ | প্রক্ষেপণ | |
|---|---|---|---|---|---|---|
| | | ২০২০-২১ | | | ২০২২-২৩ | ২০২৩-২৪ |
| | | | | | | |

### ৫.০ মন্ত্রণালয়/বিভাগের প্রধান কর্মকৃতি নির্দেশকসমূহ (Key Performance Indicators)

| নির্দেশক | সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য | পরিমাপের একক | সংশোধিত লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | সংশোধিত লক্ষ্যমাত্রা | মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০১৯-২০ | | ২০২০-২১ | | ২০২১-২২ | ২০২২-২৩ | ২০২৩-২৪ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| ১. ট্রেনের সময়ানুবর্তিতার হার | ১,২,৩ ও ৪ | % | | | | | | | |
| ২. বার্ষিক প্যাসেঞ্জার কি.মি.'র প্রবৃদ্ধি* | ১ও ২ | % | ১৮.২৫ | (২৮.৮৯) | ১৬.৯৭ | (২৭.৭৮) | ১১.১১ | ১৪.৪৪ | ১৫.০০ |
| ৩. মালামাল পরিবহনে বার্ষিক প্রবৃদ্ধি | ৪ | % | ১৪.৯০ | (৩২.২৩) | ১৬.১৯ | (৩১.০৮) | (২৯.৯৩) | (২৮.৭৮) | ১০.০০ |
| ৪. রাজস্ব আয় বৃদ্ধি | ২ ও ৪ | % | ৬.৭৭ | (২৩.৭৫) | ৯.৫৩ | (৩২.২০) | (১১.৮৬) | (৬.৯৩) | ৬.০০ |

১.*মোট যাত্রী ও যাত্রীদের ভ্রমণকৃত মোট দুরত্বের গুণফল

২. ১নং কলামে ১-৪ নং ক্রমিকের সকল নির্দেশকের ভিত্তিবছর ২০১৩-১৪

৩. ১ম বন্ধনীস্থ সংখ্যাগুলো চরম মান নির্দেশক

৩.০ সিদ্ধান্ত:

৩.০১ রেলপথ মন্ত্রণালয়ের বাজেট সংশ্লিষ্ট "Ministry Budget Framework (MBF)" এর হালনাগাদকৃত প্রথম অংশের (১-৫) খসড়া MBF টি অনুমোদনের জন্য মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে বরাবর প্রেরণের সুপারিশ করা হলো।

৩.০২ "Ministry Budget Framework (MBF)" ১ম অংশের ( ১ - ৫) বাংলাদেশ রেলওয়ে কর্তৃক গৃহীত হলে ( প্রয়োজনে সংশোধিত আকারে গৃহীত হলে) তা রেলপথ মন্ত্রণালয়ে সুপারিশসহ প্রেরণ করতে হবে।

৪.০ আর কোন আলোচনাসূচি না থাকায় ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মোঃ সিরাজুল ইসলাম
অতিরিক্ত সচিব (বাজেট ও মনিটরিং)রেলপথ
মন্ত্রণালয়।

স্মারক নম্বর: ৫৪.০০.০০০০.০৩৩.০১.০২৩.২১-৪৩

তারিখ: ২৬ মাঘ ১৪২৮
০৯ ফেব্রুয়ারি ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) জনাব এ এইচ এম শামসুর রহমান, যুগ্ম মহাপরিচালক/অর্থ, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।
২) উপসচিব (বাজেট-১৭), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা)]
৩) জনাব এস.এম. সলিমুল্লাহ বাহার, , প্রধান পরিকল্পনা কর্মকর্তা, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।
৪) জনাব মোহাঃ নুরুল আবসার, পরিচালক/অর্থ, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।
৫) জনাব মোঃ আব্দুল খালেক মিঞা, সহকারী সচিব (বাজেট-২), রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।
৬) জনাব সৈয়দ মোহাম্মদ আমীর উদ্দিন, সিনিয়র পরিকল্পনা কর্মকর্তা-৪, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।
৭) জনাব মোঃ কামাল ইউসুপ, উপ পরিচালক/বাজেট, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।
৮) জনাব সাদেকুর রহমান, ডিআরএম, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।
৯) জনাব মোঃ শহিদুল ইসলাম, ডিআরএম, বাংলাদেশ রেলওয়ে, পাকশী।
১০) জনাব শাহ সুফী নুর মোহাম্মদ, ডিআরএম, বাংলাদেশ রেলওয়ে, লালমনিরহাট।
১১) জনাব শুভ জ্যোতি দে, হিসাব রক্ষক/বাজেট, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।
১২) সদয় অবগতির নিমিত্তে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):
১৩) সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪) মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।
১৫) মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, রেলপথ মন্ত্রণালয়, বেলভবন, ঢাকা।
১৬) সচিব মহোদয়ের একান্ত সচিব, রেলপথ মন্ত্রণালয়, বেলভবন, ঢাকা।
১৭) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, রেলপথ মন্ত্রণালয়, বেলভবন, ঢাকা [ সভার কার্যবিবরণীটি ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ]।
১৮) অতিরিক্ত সচিব (বাজেট ও মনিটরিং) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।
১৯) যুগ্মসচিব (বাজেট) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।
২০) অফিস কপি।

মোঃ আব্দুল খালেক মিঞা
সহকারী সচিব